11832

BENG1051

# 3 Yr. Degree/4 Yr. Honours 1st Semester Examination, 2024 (CCFUP)

## Subject : Bengali

## Course : BENG1051 (SEC)

## (ব্যাকরণ ও বানানশিক্ষা)

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) সন্ধি বিচ্ছেদ করো :

রত্নাকর, জগদ্ধিতায়

(খ) ব্যাসবাক্য বিশ্লেষণ করে সমাস নির্ণয় করো :

কুসুমকোমল, গাছপাকা

(গ) নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি নির্ণয় করো :

এ <u>মেঘে</u> বৃষ্টি হয় না।

(ঘ) সন্ধি করো :

পূর্ণ + ইন্দু, কিম্ + বদন্তি

(ঙ) অব্যয় কাকে বলে? একটি উদাহরণ দাও।

(চ) ব্যাকরণ কাকে বলে?

(ছ) প্রশ্নবোধক বাক্য কাকে বলে উদাহরণ-সহযোগে বুঝিয়ে দাও।

(জ) 'এ' এবং 'ও'-র রোমান হরফ লেখো।

২। *যে-কোনো দু-টি* প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) নিম্নরেখ শব্দগুলির কারক ও বিভক্তি নির্ণয় করো (*যে-কোনো পাঁচটি*) : ১×৫=৫

(অ) সে <u>বাঁধনে</u> তারে বাঁধিল।

(আ) কহিলেন শেষে ক্রূর <u>হাসি</u> হেসে।

(ই) <u>দুধে</u> দই হয়।

(ঈ) সে <u>যুদ্ধে</u> যাবে।

(উ) সে <u>মন্দিরে</u> দেব নাই।

(ঊ) তিনটে <u>শালিক</u> ঝগড়া করে রান্নাঘরের চালে।

(খ) সন্ধি বিচ্ছেদ করো (*যে-কোনো পাঁচটি*) : ১×৫=৫

রসোত্তীর্ণ, ষড়ানন, জ্যোতিরিন্দ্র, উল্লম্ব, নভশ্চর, গবেষণা

(গ) রোমান হরফে লিপ্যন্তর করো (*যে-কোনো পাঁচটি*) : ১×৫=৫

(অ) আমার সন্তান যেন থাকে দুধে ভাতে।

(আ) যাহা ছিল নিয়ে গেল সোনার তরী।

(ই) একাকী যাব না অসময়ে।

(ঈ) চারিদিকে জীবনের সমুদ্র সফেন।

(উ) তবু সেই টাকাকে যাবে না ছোঁয়া।

(ঊ) আমি পেয়েছি আঁধার রাতে।

(ঘ) ব্যাসবাক্য বিশ্লেষণ করে সমাস নির্ণয় করো (*যে-কোনো পাঁচটি*) : ১×৫=৫

অহোরাত্র, প্রতিদান, রাজর্ষি, শরণাগত, সমান, তেপান্তর

৩। *যে-কোনো দু-টি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) ব্যাকরণের তুলনামূলক পদ্ধতি সম্পর্কে বিস্তৃত আলোচনা করো।

(খ) বিশেষণ কাকে বলে? বিশেষণ কয় প্রকার ও কী কী? উদাহরণসহ বিশেষণের প্রকারভেদ সম্পর্কে বুঝিয়ে দাও।

(গ) বাচ্য কাকে বলে? বাচ্য কয় প্রকার ও কী কী? উদাহরণ-সহযোগে বাচ্যের প্রকারভেদ বিশ্লেষণ করো।

(ঘ) বানান অশুদ্ধির কারণগুলি উদাহরণসহ আলোচনা করো।

---